দৈনিক ইনকিলাব

তারিখ 17 NOV 1993
পৃষ্ঠা ৮ কলাম ৫

৪।

## শিক্ষাঙ্গনে

### শিক্ষাঙ্গনে সন্ত্রাস

বর্তমানে শিক্ষাঙ্গনে সন্ত্রাস সংক্রামক রোগের মত চারদিকে ছড়িয়ে পড়েছে। এ গণতান্ত্রিক দেশের প্রধান শত্রু হল সন্ত্রাসী কর্মকাণ্ড। কাজেই সন্ত্রাসীরা যে কোনভাবেই কোন দলের ছত্রছায়াকে আইনের আওতা থেকে বাঁচার জন্য ব্যবহার করতে চায়, তাহলে সেই মুহূর্তে সংশ্লিষ্ট দলের উচিত ছত্রছায়া প্রত্যাহার করে সন্ত্রাসীদেরকে আইনের হাতে তুলে দেয়া; কিন্তু তা আমরা করি না তাই তো এতো সন্ত্রাস। ক্রমবর্ধমান সন্ত্রাসের কারণে হাজার হাজার লাখো শিক্ষার্থীরা এখন বুকে চাপড়ে মাতম করতে বসছে। হা-হুতাশ করে হতাশার আগুনে পুড়ে মরছে প্রতিনিয়ত অসংখ্য ছাত্র-ছাত্রী। উদ্বেগ-উৎকণ্ঠায় দিন কাটাচ্ছেন বিশ্ববিদ্যালয়ে পড়তে পাঠানো অজস্র অভিভাবক। এ মুহূর্তে শিক্ষাঙ্গনে সন্ত্রাস যেহেতু শিক্ষার পরিবেশকে পথভ্রষ্ট করেছে সেহেতু ছাত্রদের বর্তমান কঠিন দায়িত্ব কিছু না কিছু হলেও সন্ত্রাসের কালো হাত চিরতরে রুদ্ধ করার প্রয়াসে গণতান্ত্রিক এ দেশের জনগণের প্রতি ঐক্যবদ্ধ হওয়ার উদাত্ত আহবান জানাচ্ছি।

—জিয়াউল চৌধুরী (টিপু),
অর্থনীতি বিভাগ,
কুমিল্লা ভিক্টোরিয়া বিশ্ববিদ্যালয় কলেজ।